চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

প্রবীন রাজনীতিবিদ নুরুল আলম চৌধুরীর মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম -২৭ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

প্রবীন রাজনীতিবিদ, সাবেক সংসদ সদস্য, রাষ্ট্রদূত, উত্তর জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা নুরুল আলম চৌধুরীর ইন্তেকালে শোক প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। আজ রোববার বিকালে এক শোক বার্তায় তিনি বলেন, নুরুল আলম চৌধুরী আজীবন দেশ-দেশের মানুষের জন্য রাজনীতি করেছেন। তাঁর মৃত্যুতে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা সহজে পূরণ হবার নয়। মেয়র মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন ও তাঁর শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানান।

চট্টগ্রাম ওয়াসা শ্রমিক কর্মচারী ইউনিয়নের সংবর্ধনা অনুষ্ঠানে- মেয়র

নাগরিক হিসেবে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডে সহযোগীতা করা

চট্টগ্রাম -২৭ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন, রাজনৈতিক পরিস্থিতি স্থিতিশীল থাকলে এই বছরই উন্নয়নের ক্ষেত্রে চট্টগ্রাম নগরীতে আমুল পরিবর্তন পরিলক্ষিত হবে। নাগরিক হিসেবে আমাদের উচিত সরকারের উন্নয়ন কর্মকাণ্ড সহযোগীতা করা। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ করতে গিয়ে সাময়িকভাবে নাগরিক ভোগান্তি সৃষ্টি হয়। জনস্বার্থে আমরা এই উন্নয়ন কর্মকাণ্ডকে সহনীয় রাখার চেষ্টা করে যাচ্ছি। তিনি আজ রোববার সকালে চট্টগ্রাম ওয়াসার কনফারেন্স রুমে চট্টগ্রাম ওয়াসা শ্রমিক কর্মচারী ইউনিয়ন (রেজি নং-১০০৮) আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট হতে জাতীয় সমবায় পুরস্কারে ভূষিত হওয়ায় সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এবং ইন্টারন্যাশনাল কনস্ট্রাকশন এ্যাওয়ার্ড পুরস্কারে ভূষিত হওয়ায় চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এ কে এম ফজলুল্লাহ'র সংবর্ধনা সভার আয়োজন করে চট্টগ্রাম ওয়াসা শ্রমিক কর্মচারী ইউনিয়ন । চট্টগ্রাম ওয়াসা শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. সালাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ওয়াসার উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) গোলাম হোসেন, চট্টগ্রাম মহানগর শ্রমিল লীগের সভাপতি বখতিয়ার উদ্দিনখান, চসিক কাউন্সিলর গিয়াস উদ্দিন, লালখান বাজার ওয়ার্ড আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক দিদারুল আলম মাসুম, শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক তাজুল ইসলাম, ওয়াসার শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি এনায়তুর রহমান, সহ সাধারণ সম্পাদক খোরশেদুল আলম, কোষাধ্যক্ষ মো. কবির, দপ্তর সম্পাদক রুহুল আমিন, প্রচার সম্পাদক মাহবুর আলম বক্তব্য রাখেন। সভা সঞ্চালনায় ছিলেন ওয়াসা শ্রমিক কর্মচারী ইউনিয়নের যুগ্ম সাধারণ সম্পাদক মো. শাহজাহান। অনুষ্ঠানে ওয়াসার উর্দ্ধতন কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আরো বলেন, সব কিছুর বিকল্প আছে কিন্তু নিরাপদ পানির বিকল্প নাই। নগরীতে বেশ কয়েক বছর যাবত ওয়াসার পানি সরবরাহের সংকট ছিল। সরকারের পরিকল্পনা ও উদ্যোগের কারণে পানি সংকটের সমাধান হয়েছে। এখন আর গ্রাহকদের ঝাড়ু, কলসী দিয়ে পানি সরবরাহের দাবিতে মিছিল করতে হবে না। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সহযোগীতা নিয়ে চট্টগ্রাম ওয়াসা একের পর এক প্রকল্প বাস্তবায়ন করছে। ধারাবাহিকভাবে স্যুয়ারেজ ব্যবস্থার উন্নয়নেও তারা প্রকল্প বাস্তবায়ন করবে। গত একনেকে এজন্য ৩ হাজার ৮শত কোটি টাকার প্রকল্প পাশ হয়েছে। সিটি মেয়র বলেন, একটি শহরকে আধুনিক ও সভ্য হিসেবে গড়ে তুলতে স্যুয়ারেজ সিস্টেম থাকা চাই। নয়তো বিদেশী ও বাইরের রাষ্ট্রগুলোর কাছে এ নগর একটি বিশ্বমানের শহর বলে গণ্য হবে না। তিনি মেয়রের দায়িত্ব নেয়ার সময় আর বর্তমান সময়ে শহরের দৃশ্যমান পরিবর্তনগুলো নগরবাসীকে বিবেচনা করে দেখতে বলেন। তার সময়ে নগরীতে রাতে ময়লা আবর্জনা পরিস্কার, এলইডি লাইট স্থাপন, অবৈধ বিলবোর্ড অপসারণসহ যে সকল কাজ হয়েছে, তার ধারাবাহিকতা রক্ষা করা গেলে, এই নগরী একদিন বিশ্বমানের ও বাসযোগ্য নগরে পরিণত হবে। ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ফজলুল্লাহ ও নগরবাসী এখন ২৪ ঘন্টা সুপেয় নিরাপদ পানি পাবেন বলে আশ্বস্থ করেন। ইতোমধ্যে ৯৫ শতাংশ গ্রাহক ওয়াসার সরবরাহকৃত সংযোগ লাইন থেকে পানি পাচ্ছেন। শুধুমাত্র ৫ শতাংশ গ্রাহক পাহাড়ি এলাকায় বসবাস করাতে পর্যাপ্ত পানি পাচ্ছেন না। তবে তাদের পানি সরবরাহ প্রাপ্তিতে ব্যবস্থা নেয়া হচ্ছে। তিনি বলেন, বর্তমানে ওয়াসার পানির উৎপাদন ৩৫ কোটি লিটার। কিছু দিনের মধ্যে যা ৫০ কোটি লিটার উন্নীত হবে। ফজলুল্লাহ ওয়াসার চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কাজের প্রয়োজনে রাস্তা খোঁড়াখুঁড়িতে সাময়িকভাবে যে নাগরিক ভোগান্তি হচ্ছে, তার জন্য দুঃখ প্রকাশ করেন এবং তা অতিদ্রুত মেরামত করা হবে বলে উল্লেখ করেন। তিনি বলেন, চট্টগ্রাম নগর সম্প্রসারণ ও জেলায় আরো শিল্পাঞ্চল গড়ে তোলার পরিকল্পনা আছে সরকারের। আনোয়ারায় অর্থনৈতিক অঞ্চল করা হবে। তখন সেখানে পানির প্রয়োজন হবে। সব কিছু মিলিয়ে ঐ সব এলাকায় পানি সরবরাহ জরুরী হবে। এ পরিকল্পনা বাস্তবায়নের জন্য চট্টগ্রাম ওয়াসা দীর্ঘমেয়াদী প্রকল্প গ্রহণ করে চলেছে।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিক ও ক্যাব যৌথ উদ্যোগে নিরাপদ খাদ্য
দিবস উদযাপন করবে আগামী ২ ফেব্রুয়ারি

চট্টগ্রাম -২৭ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

নিরাপদ খাদ্য দিবস উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এ সভায় প্যানেল মেয়র ও কাউন্সিলর হাসান মাহমুদ হাসনী, ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর মো. ইসমাইল, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, হাজী নুরুল হক, ছালেহ আহম্মদ চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, মো. সাইফুদ্দিন খালেদ, গোলাম মো. জোবায়ের, মো. আজম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, ফারজানা পারভীন, ফারহানা জাবেদ, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ ওমর ফারুক, সিটি মেয়রের একান্ত সচিব মুফিদুল আলম, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, সিএমপি'র পুলিশ সুপার শাকিলা সুলতানা, বাংলাদেশ আনসার ও ভিডিপি চট্টগ্রামের পরিচালক মোহাম্মদ নুরুল আমিন, বিএসটিআই চট্টগ্রামের সহকারী পরিচালক হাবিবুর রহমান, পাচঁলাইশ থানা পানি সম্পদ কর্মকর্তা ডা. জাকিয়া খাতুন, চট্টগ্রাম মেট্রোপলিটন সচিব মমতাজ আলী খান, র‌্যাব-৭ এর মো. জামাল হক, জাতীয় ভোক্ত অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক মো. হাসানুজ্জামান, জেলা শিক্ষা অফিস চট্টগ্রামের সহাকারী পরিদর্শক সাব্বির আহম্মদ, সিজেকেএস এর কোষাধ্যক্ষ সাহাবুদ্দিন মো. জাহাঙ্গীর, বাংলাদেশ দোকান মালিক ও রেস্তোরা মালিক সমিতি চট্টগ্রামের সভাপতি সালেহ আহমেদ সুলেমান, বাংলাদেশ দোকান মালিক সমিতির চট্টগ্রাম মহানগর শাখার সভাপতি আলহাজ্ব মো. সালামত আলী, সিটি কর্পোরেশন বহদ্দারহাট কাঁচা বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি হাজী মো. জানে আলম, পতেঙ্গা কাটগড় ব্যবসায়ী সমিতির সভাপতি মো. সোলায়মান, বৃহত্তর চকবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি এস এম আবুল কালাম আজাদ এবং ক্যাবের সভাপতি এস এম নাজের হোসাইন, এস এম সাধারণ সম্পাদক কাজী ইকবাল বাহার, ক্যাব মো. শাহিন চৌধুরী, সহ বিভিন্ন সরকারি, বেসরকারি এবং বিভিন্ন শ্রেণি ও পেশার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় আগামী ২রা ফেব্রুয়ারি নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে নগরবাসীকে সচেতন করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ক্যাবের যৌথ উদ্যোগে এক বর্ণাঢ্য র‌্যালীর আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন চত্বরে সকাল সাড়ে ৯ টায় এই র‌্যালীর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন চসিক মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এতে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, ব্যবসায়ী, সরকারি-বেসরকারি কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ নেবে। এই ধারাবাহিকতায় ৪১টি ওয়ার্ডে নগরবাসীকে নিরাপদ খাদ্য সম্পর্কে উদ্বুদ্ধকরণের লক্ষে র‌্যালী, আলোচনা সভা, টকশো ও ভিডিও প্রদর্শনী অনুষ্ঠিত হবে। সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নিরাপদ খাদ্য আধুনিক জীবনে শিল্পজাত খাদ্য একটি স্বাভাবিক ব্যাপার। এ খাদ্যকে স্বাভাবিক এবং ভেজাল ও অন্যান্য দূষণ থেকে নিরাপদ অবস্থায় বিতরণ এখন একটি বিশ্ব সমস্যা। অসাধু ব্যবসায়ীদের কারসাজি ছাড়াও নানা কারণে খাদ্য দূষিত হতে পারে। খাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, পরিবহণ, খাদ্যগ্রহণ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে শিল্পায়িত খাদ্য খাদ্যের অনুপযোগী হয়ে যেতে পারে। খাদ্য উৎপাদন থেকে শুরু করে ভোক্তার দ্বার পর্যন্ত খাদ্যের গুণগত মান নিশ্চিত রাখা সকলের নাগরিক দায়িত্ব। এই লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন তার নগরবাসীকে ভেজাল খাদ্য সম্পর্কে সচেতন করার লক্ষে বৃহত্তর কর্মসূচি করেছে বলে তিনি উল্লেখ করেন।

দেশে ওয়েলফেয়ার সোসাইটি
বিনির্মাণে সরকার কাজ করছে --মেয়র

চট্টগ্রাম -২৭ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

নাসিরাবাদস্থ চট্টগ্রাম ন্যাশনাল পাবলিক স্কুল মাঠে সমাজসেবক রিপন ও যুবলীগ নেতা মো তাজউদ্দিনের ব্যক্তিগত উদ্যোগে মেধাবী ১'শ জন শিক্ষার্থীকে শিক্ষা সামগ্রী ও ২'শ জন অস্বচ্ছল মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ রাতে বিদ্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে মেয়র বলেন, বর্তমান সরকার নতুন অঙ্গীকার বাস্তবায়নে নিরলস কাজ শুরু করেছে। চলমান উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে সম্পন্নের পাশাপাশি দেশে ওয়েল ফেয়ার সোসাইটি বাস্তবায়ন করার পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। উন্নত বিশ্বে বয়স্ক ভাতা,বৃদ্ধ ভাতা,গরীব মেধাবীদের বৃত্তি প্রদানসহ নাগরিকের নানামুখী সুযোগ সুবিধা সরকার প্রদানের ব্যবস্থা করে। সেসব দেশগুলোতে ওয়েলফেয়ার সোসাইটি গড়ে তুলেছে সরকার। আমাদের দেশেও ধীরে ধীরে ওয়েলফেয়ার সোসাইটি বিনির্মাণে কাজ করে যাচ্ছে সরকার। মানুষের জীবন যাত্রার মান এখন অনেক এগিয়ে। নাগরিকের জীবন মান উন্নয়নে সরকারের গৃহিত পদক্ষেপ বাস্তবায়িত। আগামী কয়েক বছর পর দেশে কোন গরীব খুঁজে পাওয়া যাবে না। জনগণের ভোটে নির্বাচিত এই সরকার জনগণের উন্নত জীবন বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কাউন্সিলর মোরশেদ আলম, কেন্দ্রীয় যুবলীগ সাবেক সদস্য আবদুল মান্নান ফেরদৌস, সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসি,নগর যুবলীগ নেতা ওয়াহিদুল আলম শিমুল,শফিকুর রহমান তাপস,আসাদ সর্দার,আল মাসুদ হিরু প্রমুখ বক্তব্য রাখেন। পরে মেয়র শিক্ষার্থীদের হাতে শিক্ষা সামগ্রী ও অস্বচ্ছল মানুষের হাতে কম্বল তুলে দেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন